



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
জেলা সমবায় অফিস, নোয়াখালী।  
coop.noakhali.gov.bd



নম্বর: ৪৭.৬১.৭৫০০.০০০.৩২.০২০.২০.৮৩৪

তারিখ: ২০ শ্রাবণ ১৪২৮

০৪ আগস্ট ২০২১

অফিস আদেশ

এ কার্যালয়ের আদেশ নং-৭৮৫, তারিখ : ৩০-০৬-২০২১খ্রি. আংশিক সংশোধন পূর্বক সমবায় সমিতি আইন/২০০১ (সংশোধিত ২০০২ ও ২০১৩) এর ৪৩ ধারায় অর্পিত ক্ষমতাবলে নিম্নবর্ণিত কেন্দ্রীয় সমবায় সমিতির ২০২০-২০২১খ্রি. সনের বার্ষিক বিধিবদ্ধ নিরীক্ষা সম্পাদনের নিমিত্ত নিম্নবর্ণিত কর্মকর্তার নামে পুন: বরাদ্দ প্রদান করা হলো।

ক্র: নং	কেন্দ্রীয় সমবায় ব্যাংক/কেন্দ্রীয় সমবায় সমিতি	নিরীক্ষা কর্মকর্তার নাম ও পদবী	নিরীক্ষা সম্পাদনের সময়সীমা
০১.	চাটখিল উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি লিঃ	জনাব মোহাম্মদ মনির হোসেন জেলা অডিটর জেলা সমবায় কার্যালয়, নোয়াখালী।	৩১-১২-২০২১খ্রি.

১। নিরীক্ষা কর্মকর্তাগণ সমবায় সমিতি আইন/২০০১ (সংশোধিত/২০০২ ও ২০১৩) এর ৪৫ ও ৪৬ ধারা ও সমবায় সমিতি বিধিমালা/২০০৪ (সংশোধিত/২০২০) এর ১০০, ১০১ ও ১০৩ বিধি ও নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর, ঢাকা এর সার্কুলার নম্বর ৪২, তারিখ : ২৩-০২-২০১৫খ্রি. এবং উর্ধ্বতন কর্তৃপক্ষের এতদসংক্রান্ত আদেশ নির্দেশ অনুসরণ করে নির্ধারিত সময়ের মধ্যে নিরীক্ষা সম্পন্ন করতঃ প্রতিবেদন দাখিল করবেন।

২। নিরীক্ষা প্রতিবেদন সুস্পষ্ট ও বস্তুনিষ্ঠ হতে হবে এবং কোন প্রকার মিথ্যা, ভুয়া ও বিধি বহির্ভূত তথ্য পরিবেশনের জন্য সংশ্লিষ্ট নিরীক্ষা কর্মকর্তা দায়ী থাকবেন।

৩। যে সকল সমবায় ব্যাংক/সমবায় সমিতির স্থাবর সম্পত্তি ও অন্যান্য সম্পত্তি রয়েছে সে সকল সমবায় ব্যাংক/সমবায় সমিতির নিরীক্ষা প্রতিবেদনের সাথে দায়-দেনা ও সম্পদের তালিকা অবশ্যই দাখিল করতে হবে।

৪। কার্যকর সমবায় সমিতির নিরীক্ষা অগ্রাধিকার ভিত্তিতে সম্পাদন করতে হবে।

৫। সমিতির হিসাবপত্র যথাযথভাবে পরীক্ষা করে বিধি বহির্ভূত বিষয়, হিসাবের কারচুপি, জালিয়াতি ও আত্মসাৎ সংক্রান্ত ঘটনাবলী উদ্ঘাটিত হলে তাৎক্ষণিকভাবে বিশেষ প্রতিবেদন দাখিল করতে হবে।

৬। নিরীক্ষা কর্মকর্তাগণ আবশ্যই নিরীক্ষা ম্যানুয়াল অনুযায়ী নিরীক্ষা সম্পাদন ও প্রতিবেদন দাখিল করবেন।

৪-৮-২০২১

মোঃ বেদন হোসেন খান

জেলা সমবায় কর্মকর্তা

ফোন: ০৩২১-৬১৪৪২

ইমেইল:

dco.noakhali@yahoo.com

নম্বর: ৪৭.৬১.৭৫০০.০০০.৩২.০২০.২০.৮৩৪/১(৫)

তারিখ: ২০ শ্রাবণ ১৪২৮  
০৪ আগস্ট ২০২১

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল:

- ১) জনাব মোহাম্মদ মনির হোসেন, জেলা অডিটর, জেলা সমবায় কার্যালয়, নোয়াখালী।
- ২) জনাব মো. কামাল হোসেন চৌধুরী, পরিদর্শক, জেলা সমবায় কার্যালয়, নোয়াখালী।
- ৩) উপজেলা সমবায় অফিসার, চাটখিল, নোয়াখালী।
- ৪) অফিস নথি।



৪-৮-২০২১

মোঃ বেদন হোসেন খান  
জেলা সমবায় কর্মকর্তা